



মুজিববর্ষে বিসিআইসি'র অঙ্গীকার:
"সর্বোচ্চ দক্ষতায় নিয়ম মেনে কাজ করবো,
অন্যায় করবো না, অন্যায় হতে দেবো না।"

মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

নং- ৩৬.০১.০২৭.০১.০২.৫২৮৯.২০২২/৩১০

তারিখ: ১৬-১০-২০২২খ্রিঃ

বিষয় : সাময়িক বরখাস্ত প্রসঙ্গে।

আপনি জনাব মোঃ নজরুল ইসলাম, উপ-ব্যবস্থাপক (বাণিজ্যিক), এমপ্লয়ী নং-৫২৮৯-৪, এএফসিসিএল এর নিয়ন্ত্রণাধীন গাইবান্ধা বাফার গোড়াউন ইনচার্জ পদে কর্মরত আছেন। একটি টেলিভিশনে প্রচারিত সংবাদ মতে, বিগত ০৬ মাস যাবত গাইবান্ধা বাফার গোড়াউন হতে ডিলার প্রতি ২০০ বস্তা পঁচা, নষ্ট, ব্যবহার অযোগ্য ও শক্তকালো জমাট বাঁধা সার নিতে বাধ্য করা হচ্ছে। এ বিষয়ে উক্ত গণমাধ্যমে আপনি বলেছেন যে, শিল্প মন্ত্রণালয় এবং বিসিআইসি'র উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশে আপনি পঁচা, নষ্ট, ব্যবহার অযোগ্য ও শক্তকালো জমাট বাঁধা সার গ্রহণ করতে বাধ্য হচ্ছেন এবং ডিলারদের মধ্যে বিতরণ করেছেন এবং এ জাতীয় সার আমদানিকৃত এবং শিল্প মন্ত্রণালয় ও বিসিআইসি এর উর্ধ্বতন কর্তৃপক্ষ এ সার আমদানি তদারকি করে থাকেন। আপনি আপনার বক্তব্যে কোর্ণ সার পরিবহনকারী প্রতিষ্ঠান হতে এ সার গ্রহণ করেছেন তার উল্লেখ করেননি। উপরন্তু নষ্ট ও ব্যবহার অনুপযোগী সার পরীক্ষা না করে গ্রহণ করেছেন। জাতীয় গণমাধ্যমে প্রচারিত সংবাদে শিল্প মন্ত্রণালয় ও বিসিআইসি'র উর্ধ্বতন কর্মকর্তাদের নাম ব্যবহার করে আপনার এরূপ অসত্য ও বিভ্রান্তকর তথ্য প্রচার করায় সরকার, শিল্প মন্ত্রণালয় ও বিসিআইসি কর্তৃপক্ষ বিব্রতকর পরিস্থিতিতে পড়েছেন। একজন দায়িত্বশীল পদে কর্মরত কর্মকর্তা হিসেবে আপনার এহেন কার্যকলাপে শিল্প মন্ত্রণালয় ও বিসিআইসি কর্তৃপক্ষের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হয়েছে। কর্তৃপক্ষের বিনানুমতিতে গাইবান্ধা বাফার গোড়াউনে পঁচা, নষ্ট, ব্যবহার অযোগ্য ও শক্তকালো জমাট বাধা সার গ্রহণ, বিতরণ এবং এধরণের ব্যবহার অযোগ্য সার কর্তৃপক্ষের নজরে না এনে ডিলারদের মধ্যে জোরপূর্বক চাপিয়ে দেয়াসহ বিসিআইসি কর্মচারী চাকরি প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৭ এর উপবিধি (৬) লংঘন করে কর্তৃপক্ষের বিনানুমতিতে আপনি সংবাদিকের নিকট বক্তব্য প্রদান করায়, ক্ষমতার অপব্যবহার, দাপ্তরিক শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ড, দায়িত্বে অবহেলা, অসদাচরণ এবং এখতিয়ার বহির্ভূত কর্মকাণ্ডের দায়ে আপনাকে বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৪৪ (১) মোতাবেক সংস্থার চাকরি হতে "সাময়িকভাবে বরখাস্ত" করা হলো।

উল্লেখ্য যে, "সাময়িক বরখাস্তকালীন" সময়ে আপনি বিধি অনুযায়ী খোরাকী মঞ্জুরি ভাতা (Subsistence Grant) পাবেন।

এই আদেশ তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।

(শাহ মোঃ ইমদাদুল হক)

চেয়ারম্যান (গেড-১)

বিসিআইসি, ঢাকা।

ফোন নং- ০২-২২৩৩৮৪১৫৩

E-mail: chairman.bcic@gmail.com

প্রাপক :

জনাব মোঃ নজরুল ইসলাম

উপ-ব্যবস্থাপক (বাণিজ্যিক) ও ইনচার্জ,

গাইবান্ধা বাফার গোড়াউন।

বিতরণ :

১। শিল্প সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়।

২। জেলা প্রশাসক, গাইবান্ধা জেলা।

অনুলিপি (জ্যেষ্ঠতা বা পদের ক্রমানুসারে নয়) :

০১। পরিচালক (), বিসিআইসি।

০২। ব্যবস্থাপনা পরিচালক, এএফসিসিএল, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।

০৩। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।

০৪। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি - ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ।

০৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-২), কর্মচারী বিভাগ, বিসিআইসি।

০৬। উপ-কর্মচারী প্রধান (প্রশাসন-১), কর্মচারী বিভাগ, বিসিআইসি।

০৭। দপ্তর নথি।

PKS, nplend
29/10/22

পত্র নং- ২৬২৫ তারিখ- ২৭/১০/২২

আই সি টি বিভাগে প্রাপ্তির তারিখ.....

শাখায় প্রাপ্তির তারিখ.....

নিষ্পত্তির তারিখ.....